

২০১৪

বাংলা

তৃতীয় পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রসঙ্গমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[ মান—৫০ ]

১। 'সোনে ভরিতী করুণা নাবী'—পদটির বাচ্যার্থ এবং নিগূঢ় তত্ত্বের ব্যাখ্যা দাও।

১৬

অথবা

চর্যাপদে বাংলার যে সামাজিক চিত্র ফুটে উঠেছে তা বর্ণনা করো।

১৬

২। যেখানে শ্রীকৃষ্ণকীর্তনের শেষ, সেখানে পদাবলীর শুরু—শ্রীকৃষ্ণকীর্তনের 'রাধা বিরহ' অবলম্বনে উক্তিটির যথার্থতা বিচার করো।

১৬

(Turn Over)

অথবা

‘বংশীখন্ড’ ও ‘রাধাবিরহ’ অবলম্বনে ‘শ্রীকৃষ্ণকর্তন কাব্যের নাট্যগুণ আলোচনা করো।

১৬

৩। চৈতন্যচরিতামৃত-র’ মধ্যলীলার অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে অচিন্ত্যভেদাভেদ তত্ত্ব ব্যাখ্যা করো। প্রসঙ্গত প্রেমবিলাস-বিবর্ত সম্পর্কে আলোচনা করো।

৯+৯

অথবা

সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোনো দুটি) :

৯+৯

(ক) কাম ও প্রেম;

(খ) সখীতত্ত্ব;

(গ) কৃষ্ণতত্ত্ব।

দ্বিতীয়ার্ধ

[ মান—৫০ ]

৪। পূর্বরাগ পর্যায়ে চণ্ডীদাসের কৃতিত্ব বিচার করো।

১৬

অথবা

বৈষ্ণব রসতত্ত্বে পঞ্চরসের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ উল্লেখ করো। এর মধ্যে শ্রেষ্ঠ রস কোন্টি আলোচনা করো।

১০+৬

৫। মুকুন্দের চণ্ডীমঙ্গলের ‘গ্রন্থোৎপত্তির কারণ’ অংশটির আর্থ-সামাজিক ও রাজনৈতিক গুরুত্ব বিচার করো।

১৬

অথবা

‘মুরারি শীল ও ভাঁড়ুদত্তের চরিত্রচিত্রণে কবিকঙ্কন মুকুন্দের সর্বাধিক সাফল্য’।  
—মন্তব্যটি পর্যালোচনা করো।

১৬

৬। 'পদ্মাবতী' কাব্যের মৌলিকত্ব বিচার করো।

১৮

অথবা

'পদ্মাবতী' কাব্যটিতে আলাওলের চরিত্রচিত্রণের দক্ষতা বিচার করো।

১৮

---